

**প্রেস রিলিজঃ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়
(বিএসএমআরএইউ)**

রিলিজ তারিখঃ ১২ ডিসেম্বর ২০২৩
স্থান: বিএসএমআরএইউ, ঢাকা ক্যাম্পাস

Contact; Chief PRI&P
Mob: 01769995071
Email: chief.prip@bsmraau.edu.bd

বিএসএমআরএইউ এর ১১ম একাডেমিক কাউন্সিল সভা অনুষ্ঠিত

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় (বিএসএমআরএইউ) এর ১১ম একাডেমিক কাউন্সিলের সভা ১২ ডিসেম্বর ২০২৩ তারিখে বিশ্ববিদ্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য এয়ার ভাইস মার্শাল এ এস এম ফখরুল ইসলাম মহোদয় সভায় সভাপতিত্ব করেন।

প্রথমেই তিনি শ্রদ্ধাভরে স্মরণ করেন হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কে-য়ার ডাকে সাড়া দিয়ে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেছিল এ দেশের শিক্ষক বুদ্ধিজীবী সহ আপামোর জনতা। মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী সকল বীর সেনানীদের প্রতি আন্তরিক শ্রদ্ধা নিবেদন করেন এবং সকল শহীদের রুহের মাগফিরাত কামনা করেন। উপাচার্য মহোদয় তাঁর বক্তব্যে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ১০ম একাডেমিক কাউন্সিল সভার পর হতে অদ্যাবধি গৃহীত উল্লেখযোগ্য একাডেমিক কার্যাবলী এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনার একটি সারসংক্ষেপ উপস্থিত সকলকে অবহিত করেন।



এ সময় তিনি অত্র বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনায় সফলভাবে লালমনিরহাট ক্যাম্পাসে আয়োজিত স্নাতক পর্যায়ে শিক্ষার্থীদের বৃত্তি প্রদান অনুষ্ঠান ও SDG এর উপর সেমিনারে “Development of Academia in Aerospace and its Implication on SDG in Bangladesh Perspective” শীর্ষক নিবন্ধ উপস্থাপন, ৪র্থ কিবো রোবট প্রোগ্রামিং চ্যালেঞ্জ ২য় ও ১১তম স্থান অর্জন, এয়ারক্রাফট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম চালু করন, বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে প্রথমবারের মত একটি কিউব স্যাটেলাইট এসেম্বলি সম্পন্ন করন, লালমনিরহাট ক্যাম্পাসে "স্মার্ট বাংলাদেশ গঠনে অ্যাভিয়েশন এবং অ্যারোস্পেস প্রযুক্তির ভূমিকা" শীর্ষক সেমিনার, SPARSO,র সাথে সমঝোতা স্বাক্ষরক স্বাক্ষরের প্রাক আলোচনা, ‘Indian Institute of Technology, Madras’ এর সাথে সমঝোতা স্বাক্ষরক স্বাক্ষরসহ বিশ্ববিদ্যালয়ের বেশকিছু উল্লেখযোগ্য কর্মকাণ্ডের বিষয়ে অবহিত করেন। এরপর সভার সকল এজেন্ডাসমূহ বিস্তারিত আলোচনা করা হয় এবং প্রয়োজনীয় সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।